# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৭৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জুমু‘আর সালাত ফরয

## আরবী

وَعَنْ طَارِقِ بْنِ شِهَابٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْجُمُعَةُ حَقٌّ وَاجِبٌ عَلَى كُلِّ مُسْلِمٍ فِي جَمَاعَةٍ إِلَّا عَلَى أَرْبَعَةٍ: عَبْدٍ مَمْلُوكٍ أَوِ امْرَأَةٍ أَوْ صَبِيٍّ أَوْ مَرِيضٍ . رَوَاهُ أَبُو دَاوُدَ وَفِي شَرْحِ السُّنَّةِ بِلَفْظِ الْمَصَابِيحِ عَنْ رَجُلٍ مِنْ بني وَائِل

## বাংলা

১৩৭৭-[৮] ত্বারিক্ব ইবনু শিহাব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জুমু’আর সালাত (সালাত/নামায/নামাজ) অপরিহার্য ও বাধ্যতামূলক। জুমু’আর সালাত (সালাত/নামায/নামাজ) চার ব্যক্তি ছাড়া প্রত্যেক মুসলিমের ওপর জামা’আতের সাথে আদায় করা ওয়াজিব। ওই চার ব্যক্তি হলো (১) গোলাম যে কারো মালিকানায় আছে, (২) নারী, (৩) বাচ্চা, (৪) রুগ্ন ব্যক্তি। (আবূ দাঊদ; শারহুস্ সুন্নাহ্ কিতাবে মাসাবীহ কিতাবের মূল পাঠ গ্রহণ করা হয়েছে এবং তা ওয়ায়িল গোত্রের এক ব্যক্তির সূত্রে বর্ণিত।)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১০৬৭, মুসতাদরাক লিল হাকিম ১০৬২, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৫৭৮, সহীহ আল জামি‘ ৩১১১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে কয়েকটি বিষয়ের দলীল রয়েছে,

(১) সালাতুল জুমু‘আহ্ ফারযে আইন, যারা বলেন তা ফারযে কিফায়াহ্- তাদের কথা প্রত্যাখ্যাত।

(২) আর জুমু‘আহ্ জামা‘আত ব্যতীত সঠিক নয় এর উপর ইজমা রয়েছে।

(৩) এতে জুমু‘আহ্ ওয়াজিব হওয়ার জন্য স্বাধীন হওয়া শর্ত, আর দাসের ওপর জুমু‘আহ্ ওয়াজিব নয় এবং এ

ব্যাপারে ঐকমত্য রয়েছে।

(৪) জুমু‘আহ্ ফরয হওয়ার জন্য পুরুষ হওয়া শর্ত, নারীর ওপর জুমু‘আহ্ ওয়াজিব নয়। তবে ইমাম শাফি‘ঈ (রহঃ) বলেনঃ নারীদের জন্য স্বামীর অনুমতি সাপেক্ষে জুমু‘আয় উপস্থিত হওয়া মুস্তাহাব।

(৫) জুমু‘আহ্ ওয়াজিব হওয়ার জন্য বালেগ হওয়া শর্ত, শিশুর ওপর জুমু‘আহ্ ওয়াজিব নয়। এ ব্যাপারে ‘উলামাগণের ঐকমত্য রয়েছে।

(৬) পাগলও এ অর্থের অন্তর্ভুক্ত। এমন অসুস্থতা যে, জুমু‘আয় আসা তার জন্য দুঃসাধ্য। তার উপর জুমু‘আহ্ ওয়াজিব নয়।

(৭) জুমু‘আহ্ ওয়াজিব হওয়ার জন্য সুস্থ দেহ হওয়া শর্ত।

আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ মাসাবীহের শব্দে এরূপ রয়েছে,

تجب الجمعة على كل مسلم إلا امرأة أو صبياً أو مملوكاً أو مريضاً

অর্থাৎ মহিলা, শিশু-দাস ও অসুস্থ ব্যক্তি ব্যতীত সবার ওপর জুমু‘আহ্ ওয়াজিব। আর শারহুস সুন্নাহর শব্দে রয়েছে, যা উল্লেখ করেছেন আল্লামা ক্বারী (রহঃ)

تجب الجمعة على كل مسلم إلا امرأة أو صبي أو مملوك.

অর্থাৎ মহিলা, শিশু কিংবা দাস ব্যতীত প্রত্যেক মুসলিমের ওপর জুমু‘আর সালাত (সালাত/নামায/নামাজ) ওয়াজিব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55937

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন